




১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

# দৈনিক এই আমার দেশ

Daily Eai Amar Desh | e-paper.eaiamardesh.com | www.eaiamardesh.com








মঙ্গলবার | ঝিনাইদহসহ খুলনা বিভাগীয় সংস্করণ | বর্ষ ৩২ ॥ সংখ্যা ১৯১ ॥ রেজি:নং- কেএন ২৮৯ ॥ ১০ শ্রাবণ ১৪৩০ ॥ ০৬ মহররম ১৪৪৫ হিজরী ॥ পৃষ্ঠা-৪ ॥ মূল্য ৫ টাকা | ২৫ জুলাই ২০২৩


## ‘সরকারের দেয়া ইন্টারনেট দিয়েই বিএনপি ডিজিটাল অপপ্রচারে লিপ্ত’



**নিজস্ব প্রতিবেদক :** তথ্যমন্ত্রী ও আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ বলেছেন, বর্তমান সরকার ডিজিটাল বাংলাদেশ গড়ে ইন্টারনেটকে সর্বজনীন সহজলভ্য করেছে। আর বিএনপি সেই সুবিধা নিয়ে ‘পেইড এজেন্ট’ ২-এর পাতায় দেখুন

## ঢাকায় পৌঁছেছেন ইইউর মানবাধিকার বিষয়ক বিশেষ প্রতিনিধি



**নিজস্ব প্রতিবেদক :** বাংলাদেশ সরকারের আমন্ত্রণে ঢাকায় এসেছেন ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) মানবাধিকার বিষয়ক বিশেষ প্রতিনিধি ইমন গিলমোর। গতকাল সোমবার সকালে বিমানবন্দরে তাকে ফুল দিয়ে অভ্যর্থনা জানান ভারপ্রাপ্ত পররাষ্ট্র সচিব রিয়ার অ্যাডমিরাল খুরশেদ আলম।

## কোনো বিশেষ সচিব সভা হয়নি: মন্ত্রিপরিষদ সচিব



**নিজস্ব প্রতিবেদক :** মন্ত্রিপরিষদ সচিব মো. মাহবুব হোসেন বলেছেন, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব সভা অনুষ্ঠিত হয়েছে। আলাদা কোনো বিশেষ সভা করা হয়নি। গতকাল সোমবার সচিবালয়ে এ সংক্রান্ত সভা শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা জানান।



## নির্বাচনের মাঠে নামছেন শেখ হাসিনা

**নিজস্ব প্রতিবেদক :** আসছে জাতীয় সংসদ নির্বাচনের খুব বেশি হলে পাঁচ মাস বাকি। সংবিধান অনুযায়ী এই সরকারের মেয়াদ সর্বোচ্চ দুই মাস। এর পরই গঠিত হবে নির্বাচনকালীন সরকার। ২০২৩ সালের শেষ দিকে বাংলাদেশের দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠানের সাংবিধানিক বাধ্যবাধকতা রয়েছে। ২০১৮ সালের ৩০ ডিসেম্বর একাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়েছিল। তারই ধারাবাহিকতায় ২০২৩ সালের ডিসেম্বরে অথবা ২০২৪ সালের জানুয়ারি মাসের মধ্যে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে।
এই দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে ২-এর পাতায় দেখুন

# অক্টোবরের দ্বিতীয় সপ্তাহেই নির্বাচনকালীন সরকার

**নিজস্ব প্রতিবেদক :** দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের বাকি মাত্র পাঁচ মাস। সংবিধান অনুযায়ী এই সরকারের মেয়াদ দুই মাসেরও কম সময়। এর পরই গঠন করা হবে নির্বাচনকালীন সরকার। ২০২৩ সালের শেষ দিকে বাংলাদেশের দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠানের সাংবিধানিক বাধ্যবাধকতা রয়েছে। ২০১৮ সালের ৩০ ডিসেম্বর একাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়েছিল। তারই ধারাবাহিকতায় ২০২৩ সালের ডিসেম্বরে অথবা ২০২৪ সালের জানুয়ারি মাসের মধ্যে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হওয়ার কথা। ইতিমধ্যে আসছে ২০২৪ সালের জানুয়ারি মাসেই বলে জানিয়েছে সূত্র। সূত্রটি বলছে, আসছে নতুন বছরের প্রথম মাসে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠানের প্রস্তুতি গ্রহণ করেছে ক্ষমতাসীন আওয়ামী লীগ সরকার।



দ্বাদশ নির্বাচন অনুষ্ঠানের প্রস্তুতি গ্রহণ করা হয়েছে

বিভিন্ন সূত্রগুলো বলছে, সরকার এখন নির্বাচনের প্রস্তুতি গ্রহণ করছে। অক্টোবরের দ্বিতীয় সপ্তাহেই নির্বাচনকালীন সরকার আনুষ্ঠানিকভাবে ঘোষণা করা হবে বলে ধারণা করা হচ্ছে। নির্বাচন এগিয়ে আনার ব্যাপারে গুঞ্জন শোনা গেলেও সরকারের নীতিনির্ধারক মহলে কোনো কারণেই নির্বাচন এগিয়ে আনার কোনো পরিকল্পনা নেই। বরং জানুয়ারির প্রথম সপ্তাহে নির্বাচন ২-এর পাতায় দেখুন

## সমাবেশ ঘিরে আওয়ামী লীগের পক্ষ থেকে কোন সংঘাতের আশঙ্কা নেই




**নিজস্ব প্রতিবেদক :** আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, আগামী ২৭ তারিখের সমাবেশ ঘিরে আওয়ামী লীগের পক্ষ থেকেকোন সংঘাতের আশঙ্কানেই। কোন উসকানি আওয়ামী লীগ দিবে না।
তিনি বলেন, ‘সংঘাতের উসকানি আমরা কখনো দেবো না। আমরা পাওয়ারে আছি। আমরা শান্তিপূর্ণভাবে দেশ চালাতে চাই। শান্তিপূর্ণ নির্বাচন চাই।’ ওবায়দুল কাদের আজ সকালে বঙ্গবন্ধু এভিনিউস্থ আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে দলের শিক্ষা ও মানব সম্পদ বিষয়ক উপকমিটির পরিচিতি সভায় এ কথা বলেন। আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বলেন, ‘শুধু শুধু ২-এর পাতায় দেখুন

## বাগেরহাটের নতুন জেলা প্রশাসক খালিদ হোসেন



**বাগেরহাট প্রতিনিধি :** বাগেরহাটের নতুন জেলা প্রশাসক হিসেবে যোগদান করেছেন উপসচিব মোহাঃ খালিদ হোসেন। সোমবার (২৪ জুলাই) দুপুরে তিনি ২৩ তম জেলা প্রশাসক হিসেবে দায়িত্বভার গ্রহন করেন। বিদায়ী জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুর রহমান তার কাছে দায়িত্বভার অর্পন করেন।
নবাগত জেলা প্রশাক মোহাঃ খালিদ হোসেন বিসিএস ২৫ ব্যাচের একজন কর্মকর্তা। এর আগে তিনি কক্সবাজারের শরণার্থী ও ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনারের কার্যালয়ের অতিরিক্ত শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার ছিলেন। বিদায়ী জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুর রহমানকে সমাজকল্যান মন্ত্রণালয়ে বদলি করা হয়েছে।

## হাজার চেষ্টা করলেও সাতক্ষীরায় ২০১৩ সালের অবস্থা ফিরিয়ে আনা যাবে না : খুলনা রেঞ্জ ডিআইজি মঈনুল হক

**সোহাগ হোসেন, সাতক্ষীরা :** খুলনা রেঞ্জ ডিআইজি মঈনুল হক বলেছেন,ওহাজার চেষ্টা করলেও সাতক্ষীরায় ২০১৩ সালের পরিস্থিতি ফিরিয়ে আনা সম্ভব না। আপনারা চোখ কান খোলা রাখবেন, বাকি কাজ আমরা করব্বে। সোমবার বেলা ১১টায় সাতক্ষীরা জেলা পুলিশের আয়োজনে আইনশৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভার প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন খুলনা রেঞ্জ ডিআইজি মঈনুল হক(বিবিএম বার, পিপিএম)।



পুলিশ লাইন্স ড্রিলসেডে আয়োজিত মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন পুলিশ সুপার কাজী মনিরুজ্জামান। এতে আনসার, গ্রামপুলিশ, ভিডিপি, বিটপুলিশ, ইউনিয়ন পরিষদের জনপ্রতিনিধিগন, উপজেলা চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, পৌর মেয়র বৃন্দ ছাড়াও পুলিশের উর্দ্ধতন কর্মকর্তাগন উপস্থিত ছিলেন।
সভায় জেলার আইনশৃঙ্খলা পরিস্থিতির বিভিন্ন বিষয় উঠে আসে। মাদক, সন্ত্রাস, জঙ্গিবাদ ঠেকাতে পুলিশের ভূমিকা তুলে ধরেন বিভিন্ন উপজেলা থেকে আগত জনপ্রতিনিধি ও পুলিশ ২-এর পাতায় দেখুন

## ২৭ জুলাই সরকার সংঘাত সৃষ্টির পাঁয়তারা করছে

-- ফখরুল


**নিজস্ব প্রতিবেদক :** বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, সরকার পতনের এক দফা দাবিতে ২৭ জুলাই বিএনপির ডাকা মহাসমাবেশের দিন রাজধানীতে যুবলীগের সমাবেশের মাধ্যমে সরকার সংঘাত সৃষ্টির পাঁয়তারা করছে। কোনো ধরনের সংঘাত হলে দায়ভার সরকারকে নিতে হবে। গতকাল সোমবার দুপুরে নয়াপল্টন কেন্দ্রীয় কার্যালয়ে যৌথসভা পরবর্তী এক সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। এ সময় তিনি সরকারি দলকে তাদের সমাবেশের তারিখ পরিবর্তনের ২-এর পাতায় দেখুন



## ঝিনাইদহে ইয়াবাসহ দুই মাদক ব্যবসায়ী আটক

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহ শহরের ওয়াজির আলী স্কুলের সামনে থেকে ১ হাজার ৮০ পিচ ইয়াবাসহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে ঝিনাইদহ গোয়েন্দা সংস্থার ডিবি পুলিশ। সোমবার বিকেল শহরের এইচ এস এস রোডের এ জে আর কুরিয়ার সার্ভিস থেকে তাদেরকে আটক করে। আটককৃতরা হলেন ঝিনাইদহ সদর উপজেলার হাজরাতলা গ্রামের মল্লিক মন্ডলের ছেলে পলাশ হোসেন (১৮ ) ও একই গ্রামের কদু মন্ডলের ছেলে বিপ্লব হোসেন (২৬)। ঝিনাইদহ গোয়েন্দা ২-এর পাতায় দেখুন

## ইবির প্রক্টরিয়াল বডিতে পাঁচ নতুন মুখ



**ইবি প্রতিনিধি :** ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) পাঁচ সহকারী প্রক্টরকে নতুন নিয়োগ দিয়েছেন বিশ্ববিদ্যালয় প্রশাসন। আগামী এক বছরের জন্য তাদেরকে নিয়োগ দেওয়া হয়েছে। অতিরিক্ত দায়িত্ব পালনের জন্য তাঁরা বিধি মোতাবেক সুযোগ সুবিধা পাবেন। সোমবার বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার এইচ এম আলী হাসান স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তি থেকে জানা যায়, সহকারী প্রক্টর হিসেবে নতুন নিয়োগপ্রাপ্তরা হলেন- ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিভাগের সহকারী অধ্যাপক কাজী মওদুদ আহমেদ, অর্থনীতি বিভাগের প্রভাষক ড. মো. আরিফুল ইসলাম, ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের প্রভাষক ইয়ামিন মাসুম, ফাইন আর্টস বিভাগের প্রভাষক মোসা. তানিয়া আফরোজ ২-এর পাতায় দেখুন




## দামুড়হুদা হাউলী ইউনিয়ন পরিষদে বিট পুলিশিং সমাবেশ অনুষ্ঠিত

**দামুড়হুদা প্রতিনিধি :** ‘বিট পুলিশিং বাড়ি বাড়ি, নিরাপদ সমাজ গড়িচ এই শ্লোগানে দামুড়হুদা মডেল থানা পুলিশ কর্তৃক আয়োজিত ’বিট পুলিশিংউপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার সকাল ১১টায় হাউলী ইউনিয়ন পরিষদের সভাকক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।
দামুড়হুদা মডেল থানার অফিসার ২-এর পাতায় দেখুন

## চুয়াডাঙ্গায় রেডক্রিসেন্ট সোসাইটির উদ্যোগে যোগাযোগ পুন:স্থাপন বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা




**নিজস্ব প্রতিবেদক :** চুয়াডাঙ্গায় বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটির উদ্যোগে পারিবারিক যোগাযোগ পুন:স্থাপন (আরএফএল) বিভাগের উদ্যোগে বিচ্ছিন্ন পরিবারের সদস্যদের মধ্যে যোগাযোগ পুন:স্থাপন বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার বেলা ১০টায় চুয়াডাঙ্গা রেডক্রিসেন্ট ইউনিট কার্যালয়ে প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন করেন প্রধান অতিথি জেলা পরিষদ ও রেডক্রিসেন্ট ইউনিট চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু। প্রশিক্ষণ কর্মশালায় চুয়াডাঙ্গা রেডক্রিসেন্ট ইউনিট অফিসার তছলিমা খাতুনের সঞ্চালনায় ইউনিটের সেক্রেটারি শহিদুল ইসলাম ২-এর পাতায় দেখুন

# ভোটের আগে পুলিশে আসছে আরও বড় রদবদল

**নিজস্ব প্রতিবেদক :** জাতীয় নির্বাচনের আগে গত এক মাসে পুলিশের গুরুত্বপূর্ণ ৬৯টি পদে রদবদল করা হয়েছে। শিগগিরই উপমহাপরিদর্শক (ডিআইজি), অতিরিক্ত উপমহাপরিদর্শক, পুলিশ সুপারসহ আরও অর্ধশতাধিক পদে পদোন্নতি ও রদবদল করা হবে বলে জানা গেছে। এই সময়ে পুলিশের এই রদবদল সরকারের নির্বাচনকালীন প্রস্তুতি হিসেবে আলোচিত হচ্ছে রাজনৈতিক অঙ্গনে। যদিও স্বরাষ্ট্র মন্ত্রণালয় বলছে, চাকরির মেয়াদ দুই বছরের বেশি হওয়া কর্মকর্তাদেরই বদলি করা হয়েছে।
রদবদলের তালিকা পর্যালোচনা করে দেখা গেছে, ১৯৯৬ থেকে ২০০১ সাল পর্যন্ত যারা নিয়োগ পেয়েছেন, তাঁদের মধ্য থেকে বেশি রদবদল করা হচ্ছে। অভিযোগ ওঠেছে, সরকার দলীয় পুলিশ কর্মকর্তাদের গুরুত্বপূর্ণ দায়িত্ব দেওয়া হচ্ছে। তবে নির্বাচনের আগে রাজনৈতিক কারণে বদলি বা পদায়নের এই অভিযোগ মানতে নারাজ সরকারের সংশ্লিষ্ট ব্যক্তিরা। তাঁরা বলছেন, নির্বাচনপ্রক্রিয়া শুরু হলে নির্বাচন কমিশন বিভাগ, জেলা বা ইউনিটে দীর্ঘদিন দায়িত্ব পালন করা কর্মকর্তাদের এমনিতেই বদলি করা হয়।
সরকারের বদলি নীতিমালা অনুযায়ী, একই পদে তিন বৎসর অতিক্রান্ত হওয়ার অব্যবহিত পূর্বেই মন্ত্রণালয়/বিভাগ ও উহার অধীনস্থ দপ্তর/পরিদপ্তরসমূহের সংশ্লিষ্ট কর্মকর্তাদের নতুন পদে/স্থানে বদলি করতে হবে।
সূত্র জানায়, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে প্রশাসনে নানা পরিবর্তন আনা হচ্ছে। সম্প্রতি বিভিন্ন জেলায় প্রশাসক পদে বড় ধরনের রদবদল করা হয়েছে। সবশেষ ১৫ ও ১৬ জুলাই পুলিশে বড় ধরনের রদবদল করেছে সরকার। ওই দুই দিনে উপমহাপরিদর্শক ২-এর পাতায় দেখুন


বঙ্গবন্ধুর সৈনিক, শেখ হাসিনার আস্থাভাজন



ঝিনাইদহ-১ শৈলকুপা আসন থেকে বার বার নির্বাচিত সংসদ সদস্য, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি, সাবেক প্রতিমন্ত্রী, বীর মুক্তিযোদ্ধা

মোঃ আব্দুল হাই এমপি’র নেতৃত্বে

১৯৯২ সালের ১ জানুয়ারি থেকে প্রকাশিত

দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh | e-paper.eaiamardesh.com | www.eaiamardesh.com

এখন নতুন আঙ্গিকে

সম্পাদকমন্ডলীর সম্মানিত সভাপতির গুরুদায়িত্ব নিয়ে তিনি আমাদের গৌরবান্বিত করেছেন এবং ভারপ্রাপ্ত সম্পাদক হিসেবে নিরলস শ্রম দিচ্ছেন

তানভীর হাসান (জিসান হাই)

নিয়মিত দৈনিক এই আমার দেশ পড়ুন, দেশকে ভালোবাসুন।


## তালসার সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সংস্কারের কাজে ব্যপক অনিয়ম

### হস্তান্তরের আগেই ছাদে ফাটল



**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলায় তালাসার সরকারি প্রাথমিক বিদ্যালয়ের স্কুল ভবনের সংস্কারের কাজে ব্যাপক অনিয়ম দুর্নীতির অভিযোগ উঠেছে । সঠিক সময়ের প্রায় একবছর অতিক্রম হলেও হস্তান্তর করতে পারেনি স্কুলের ভবন। জানা যায় ২০২২ সালের শুরুতেই ৭৭ লাখ টাকা বরাদ্দের স্কুল ভবনে সংস্কারের কাজটি শুরু করেন ঠিকাদার মিজানুর রহমান মাসুম মিঞার ভাতিজা ঠিকাদার রানা। স্কুল ভবন সংস্কার করে হস্তান্তর করার কথা ছিলো ২২ সালের নভেম্বরে। কিন্তু নির্ধারিত সময়ে তিনি যে কাজ করেছেন তা সম্পূর্ণ ত্রুটিপূর্ণ ২-এর পাতায় দেখুন

## চিকিৎসকের বিরুদ্ধে পরীক্ষার নামে কিশোরীকে যৌন হয়ানির অভিযোগ



**বাগেরহাট প্রতিনিধি :** বাগেরহাটের ফকিরহাটে ডা. নাফিউল ইসলাম নামের এক চিকিৎসকের বিরুদ্ধে ১৪ বছর বয়সী এক কিশোরীকে যৌন হয়রানির অভিযোগ উঠেছে। পেটে ব্যাথা নিয়ে ফকিরহাট উপজেলার লাইফ কেয়ার ক্লিনিক এণ্ড ডায়াগনিষ্টিক নামে একটি বেসরকারি প্রতিষ্ঠানে আল্ট্রাসনোগ্রাম করতে গেলে ওই কিশোরীকে গর্ভবতী বলে রিপোর্ট প্রদান এবং ভয় দেখিয়ে কুপ্রস্তাব দেয় দায়িত্বরত ওই চিকিৎসক এমন দাবি করেছেন কিশোরীর পরিবার। এ ঘটনায় সোমবার (২৪ জুলাই) সকালে ওই কিশোরীর পরিবার ফকিরহাট উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার ২-এর পাতায় দেখুন

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত


# দৈনিক এই আমার দেশ

Daily Eai Amar Desh

e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

মঙ্গলবার ২৫ জুলাই ২০২৩

# বাড়ছে বিপিডিবির আর্থিক দায়দেনা ও ভর্তুকির পরিমাণ



**নিজস্ব প্রতিবেদক :** বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের (বিপিডিবি) আর্থিক দায়দেনা ও ভর্তুকির পরিমাণ ক্রমাগত বেড়েই চলেছে। দেশের চাহিদা মেটাতে বিপিডিবিকে প্রায় অর্ধেক বিদ্যুৎই ইনডিপেনডেন্ট পাওয়ার প্রডিউসারস (আইপিপি) ও ভাড়াভিত্তিক কেন্দ্র থেকে কিনতে হচ্ছে। দেশে সরকারি বিদ্যুৎ কেন্দ্রের বাইরে বেসরকারি খাত থেকে বেশি বিদ্যুৎ নেয়ার পেছনে মূলত জ্বালানি সংকট অন্যতম কারণ। পাশাপাশি বিপিডিবির অদক্ষ কেন্দ্র ও উৎপাদন খরচ বেশি হওয়ায় এক ধরনের বাধ্য হয়ে বেসরকারি খাত থেকে বেশি বিদ্যুৎ নিয়েছে সংস্থাটি। সরকারি বিদ্যুৎ কেন্দ্রের বেশির ভাগ গ্যাসভিত্তিক। এ ছাড়া পুরনো অনেক বিদ্যুৎ কেন্দ্র রয়েছে, যেগুলো সক্ষমতায় যুক্ত রয়েছে। এসব অদক্ষ কেন্দ্রে বিদ্যুৎ উৎপাদন খরচ বেশি। বিপিডিবি বেশি বিদ্যুৎ পেতে তাই বেসরকারি খাতের তেলভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রের প্রতি নির্ভরশীল। আর তেলভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র ব্যয়বহুল। ফলে সেখানে বিদ্যুতের উৎপাদন খরচ বেশি হয়েছে। অর্থ ব্যয় হয়েছে বেশি। ২০২১-২২ অর্থবছরে মোট ৮৫ হাজার ৬০৭ মিলিয়ন কিলোওয়াট ঘণ্টা বিদ্যুৎ উৎপাদন হয়। এর মধ্যে বেসরকারি খাত থেকে নেয়া হয় ৪০ হাজার ১৭৪ মিলিয়ন কিলোওয়াট ঘণ্টা। বেশি মূল্যের এ বিদ্যুৎ নিতে গিয়ে বিপিডিবিকে মোট খরচের প্রায় ৭০ শতাংশ খরচ হয়েছে এ খাতে। অথচ পাঁচ-ছয় বছর আগেও এ ব্যয় মোট খরচের অর্ধেক ছিল।

## কম্বোডিয়ায় একতরফা নির্বাচন, ভিসা নিষেধাজ্ঞা আরোপ করলো যুক্তরাষ্ট্র

**আন্তর্জাতিক ডেস্ক :** কম্বোডিয়ায় অবাধ ও সুষ্ঠু নির্বাচন না হওয়ায় ভিসা নিষেধাজ্ঞা আরোপ করলো যুক্তরাষ্ট্র। কম্বোডিয়ার সাধারণ নির্বাচনের ফলাফল ঘোষণার পরপরই রোববার ২৩ জুলাই যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দফতর এক প্রেস বিজ্ঞপ্তিতে এ ঘোষণা দেয়। এতে বলা হয়, কম্বোডিয়ার সাধারণ নির্বাচন ফ্রি ও ফেয়ার কোনোটাই হয়নি। এমনকি নির্বাচন শুরুর আগ থেকেই ক্ষমতাসীন সরকার বিরোধী দল, মিডিয়া ও সিভিল সোসাইটিসহ সংবিধানকে অবজ্ঞা করে আসছিল। আন্তর্জাতিক মানের একটি নির্বাচনের ধারে কাছেও যায়নি। এর পরিপ্রেক্ষিতে যুক্তরাষ্ট্র প্রশ্নবিদ্ধ নির্বাচনের সাথে জড়িতদের বিরুদ্ধে ভিসা নিষেধাজ্ঞা আরোপ ও কিছু বৈদেশিক সহায়তা কর্মসূচি স্থগিত করলো।

একই সাথে যুক্তরাষ্ট্র সরকারি দলের প্রতি আহ্বান জানিয়ে বলা হয়েছে, এখনও সময় আছে তারা আর্ন্তজাতিক মানের একটি নির্বাচনের আয়োজন করতে পারে। তারা পুনরুদ্ধার করতে পারে বহুদলীয় গণতন্ত্র। রাজনৈতিক প্রতিহিংসামূলক মামলা বন্ধ করতে হবে। মিডিয়াকে স্বাধীনভাবে কাজ করার সুযোগ দিতে হবে। কোনোভাবেই তাদের ওপর হস্তক্ষেপ নয়।

২৩ জুলাই কম্বোডিয়ার নির্বাচনে কোনো শক্তিশালী বিরোধী দল ছিল না।

## মেহেরপুরে জেলা স্বেচ্ছাসেবক লীগের বর্ধিত সভা



**মেহেরপুর প্রতিনিধি :** আগামী ২৭ জুলাই স্বেচ্ছাসেবক লীগের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের বর্ধিত সভা অনুষ্ঠিত হয়েছে। রবিবার জেলা স্বেচ্ছাসেবক লীগের উদ্যোগে মেহেরপুর জেলা আওয়ামী লীগের কার্যালয়ে এ বর্ধিত সভা অনুষ্ঠিত হয়। জেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি আরিফ সোবহানের সভাপতিত্বে বর্ধিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এম.এ খালেক। জেলা স্বেচ্ছসেবকলীগের সাধারন সম্পাদক বারিকুল ইসলাম লিজনের সঞ্চালনায় এসময় জেলা পরিষদের সদস্য আজিমুল বারী মুকুল, জেলা স্বেচ্ছাসেবক লীগের ২-এর পাতায় দেখুন

## ২৭ জুলাই যুব-স্বেচ্ছাসেবক-ছাত্রলীগের যৌথ সমাবেশ

**নিজস্ব প্রতিবেদক :** দেশের বিভিন্ন স্থানে যুবলীগ-ছাত্রলীগের নেতাকর্মীদের ওপর হামলার অভিযোগ তুলে ২৭ জুলাই রাজধানীতে শান্তি সমাবেশের ডাক দিয়েছে ক্ষমতাসীন আওয়ামী লীগের তিন অঙ্গ সংগঠন। গতকাল সোমবার রাজধানীর বঙ্গবন্ধু এভিনিউয়ে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে বাংলাদেশ আওয়ামী যুবলীগ, বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবক লীগ ও বাংলাদেশ ছাত্রলীগের যৌথ সংবাদ সম্মেলনে এ ঘোষণা দেওয়া হয়। বিএনপির সমাবেশের পাল্টা সমাবেশ করছেন কি না এমন প্রশ্নের জবাবে যুবলীগের সাধারণ সম্পাদক মাঈনুল হোসেন খান নিখিল বলেন, বাংলাদেশ একটি গণতান্ত্রিক দেশ। রাজনৈতিক দল হিসেবে সহাবস্থানে থেকে শান্তিপূর্ণ কর্মসূচি করব। সাপ্তাহিক কর্মব্যস্ততার দিনে দুই দলের পাল্টাপাল্টি সমাবেশ জনদুর্ভোগ সৃষ্টি করবে- এ বিষয়ে তিনি বলেন, আমরা একটি স্থান জানালাম। পরবর্তীতে সেটি পরিবর্তন করতে পারি। এর ২-এর পাতায় দেখুন

## সিলেটে হত্যা মামলায় ৪ জনের মৃত্যুদণ্ড

**নিজস্ব প্রতিবেদক :** সিলেটের গোয়াইনঘাট উপজেলায় চাঞ্চল্যকর তমজিদ আলী হত্যা মামলায় চার আসামির মৃত্যুদণ্ডের আদেশ দিয়েছেন আদালত। গতকাল সোমবার দুপুরে সিলেটের বিভাগীয় স্পেশাল জজ আদালতের বিচারক আব্দুল্লাহ আল মামুন এ আদেশ দেন। রায়ের সব আসামিকে ২০ হাজার টাকা করে জরিমানা করা হয়। মৃত্যুদণ্ডপ্রাপ্তরা হলেন- গোয়াইনঘাট ২-এর পাতায় দেখুন



## গাংনীতে নগদ অর্থ ও ঢেউটিন বিতরণ

**মেহেরপুর প্রতিনিধি :** মেহেরপুরের গাংনীতে প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত দুঃস্থ, অসহায় ও গরিব মানুষের মাঝে নগদ অর্থ ও ঢেউটিন বিতরণ করা হয়েছে। সোমবার দুপুরে উপজেলা সভা কক্ষে নগদ অর্থ ও ঢেউটিন বিতরণ করা হয়। গাংনী উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নিরঞ্জন চক্রবর্তীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-০২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন। দুর্যোগ ব্যাবস্থাপনা ও ত্রাণ মন্ত্রনালয়ের অর্থায়নে গাংনী উপজেলার ২-এর পাতায় দেখুন

## প্রশ্ন ফাঁস: বুয়েট শিক্ষক নিখিলসহ ১৬ জনের বিচার শুরু

**নিজস্ব প্রতিবেদক :** পাঁচ ব্যাংকের নিয়োগ পরীক্ষার প্রশ্ন ফাঁসের অভিযোগে রাজধানীর বাড্ডা থানার দায়ের করা মামলায় বুয়েট শিক্ষক অধ্যাপক ড. নিখিল রঞ্জন ধরসহ ১৬ জনের বিরুদ্ধে চার্জ গঠনের মাধ্যমে বিচার শুরুর আদেশ দিয়েছেন আদালত। গতকাল সোমবার ঢাকার অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট তোফাজ্জল হোসেন আসামিদের অব্যাহতির (ডিসচার্জ) আবেদন নাকচ করে এই আদেশ দেন। বিচার শুরু অপর আসামিরা হলেন- প্রশ্ন ফাঁসের হোতা আহ্ছানউল্লা বিশ্ববিদ্যালয়ের আইসিটি টেকনিশিয়ান মুক্তারুজ্জামান রয়েল, অফিস সহায়ক (পিয়ন) দেলোয়ার হোসেন, কর্মী রবিউল আউয়াল, জনতা ২-এর পাতায় দেখুন

## ডিএনসিসির ৫ হাজার ২৬৯ কোটি টাকার বাজেট ঘোষণা



**নিজস্ব প্রতিবেদক :** ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য ৫ হাজার ২৬৯ কোটি ৪৫ লাখ টাকার বাজেট ঘোষণা করা হয়েছে। গতকাল সোমবার দুপুরে রাজধানীর গুলশান-২ নগর ভবন হল রুমে এ বাজেট ঘোষণা করেন মেয়র আতিকুল ইসলাম। ২০২২-২০২৩ অর্থবছরে ডিএনসিসির বাজেট ছিল ৫ হাজার ৪৮ কোটি ৫ লাখ টাকা, পরে সংশোধিত বাজেট হয় ২ হাজার ৯৫০ কোটি ৯৮ লাখ টাকা। বাজেট ঘোষণায় জানানো হয়, ২০২৩-২০২৪ অর্থবছরে আয় হিসেবে রাজস্ব খাত থেকে ধরা হয়েছে ১ হাজার ৮৩০ কোটি ৮৮ লাখ টাকা, অন্যান্য খাতে ১৪ কোটি ৭৫ লাখ টাকা, সরকারি অনুদান (উন্নয়ন সহায়তা) ৫৪ কোটি ১২ লাখ। এছাড়া সাহায্য মঞ্জুরি ৪ কোটি ৫৭ লাখ টাকা পাশাপাশি সরকারি ও বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্পে ধরা হয়েছে ২ হাজার ৩৮৮ কোটি ৪৬ লাখ টাকা। অন্যদিকে ঢাকা উত্তর সিটি করপোরেশনের ২০২৩-২০২৪ অর্থবছরে বাজেটে রাজস্ব ব্যয় ধরা হয়েছে ৮৫৬ কোটি ৫২ লাখ টাকা, অন্যান্য ব্যয় ১৪ কোটি ৫০ লাখ, উন্নয়ন ব্যয় (নিজস্ব উৎস) ১ হাজার ৫১৪ কোটি ২৫ লাখ টাকা, উন্নয়ন ব্যয় (সরকারি উন্নয়ন সহায়তা) ৫৪ কোটি ১২ লাখ টাকা, উন্নয়ন ব্যয় (সরকারি ও বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প) ২ হাজার ৩৮৮ কোটি ৪৬ লাখ টাকা। এ ছাড়া সমাপনী স্থিতি ধরা ২-এর পাতায় দেখুন




## ইবিতে বৃক্ষরোপণ কর্মসূচি উদ্বোধন

**ইবি প্রতিনিধি :** ইসলামী বিশ্ববিদ্যালয়ে চারা বিতরণ ও বৃক্ষরোপন কর্মসূচির উদ্বোধন করা হয়েছে। সোমবার (২৪ জুলাই) সকালে বিশ্ববিদ্যালয়ের লেক এলাকায় বনায়নের পক্ষে বিভিন্ন ফলজ বনজ ৮০০ গাছের চারা রোপন করার এ কর্মসূচি উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. শেখ আব্দুস সালাম। এসময় বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মাহবুবুর রহমান, কোষাধ্যক্ষ আলমগীর হোসেন ২-এর পাতায় দেখুন

## মেহেরপুর অতিরিক্ত পুলিশ সুপারকে বিদায় সংবর্ধনা



**মেহেরপুর প্রতিনিধি:** মেহেরপুর জেলার অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) আজমল হোসেন অনত্র বদলি হওয়ায় তাকে বিদায় সংবর্ধনা দেয়া হয়েছে। মেহেরপুর জেলা পুলিশের উদ্যোগে সকালে পুলিশ সুপারের কার্যালয় মিলনায়তনে বিদায় সংবর্ধনা দেওয়া হয়। মেহেরপুর জেলা পুলিশ সুপার মোঃ রাফিউল আলম, পিপিএম-সেবা'র সভাপতিত্বে বিদায় সংবর্ধনা অনুষ্ঠানের বক্তব্য রাখেন বিদায়ী অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) আজমল হোসেন, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) কামরুল আহসান প্রমুখ। বিদায় অতিরিক্ত পুলিশ সুপার আজমল হোসেনকে জেলা পুলিশের পক্ষ থেকে ক্রেস্ট ও ফুলেল শুভেচ্ছা জানানো হয়।



## বঙ্গবন্ধু স্যাটেলাইট-২-এ সহযোগিতা করতে আগ্রহী এয়ারবাস

**নিজস্ব প্রতিবেদক :** বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ নির্মাণ ও উৎক্ষেপণে বাংলাদেশকে সহযোগিতা করার আগ্রহ প্রকাশ করেছে আন্তর্জাতিক মহাকাশযান নির্মাণপ্রতিষ্ঠান এয়ারবাস। ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী মোস্তাফা জব্বারের সঙ্গে সচিবালয়ে তার দপ্তরে বাংলাদেশে ফ্রান্স ২-এর পাতায় দেখুন

## গাংনীতে সাংবাদিকদের সাথে মৎস্য দপ্তরের মতবিনিময় সভা



**গাংনী প্রতিনিধি :** "নিরাপদ মাছে ভরবো দেশ,গড়বো স্মাট বাংলাদেশ" এ প্রতিপাদ্যকে সামনে নিয়ে মেহেরপুরের গাংনীতে জাতীয় মৎস্য সপ্তাহ উপলক্ষে মৎস্য সম্পদের সুরক্ষা ও সম্মৃদ্ধি অর্জনে মৎস্য অধিদপ্তর কর্তৃক গৃহীত কার্যক্রম বিষয়ে সাংবাদিকদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার সকাল ১০টার দিকে গাংনী উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। উপজেলা প্রশাসন ও উপজেলা মৎস্য দপ্তর এ সভার আয়োজন করে। সভায় সভাপতিত্ব করেন উপজেলা মৎস্য কর্মকর্তা খোন্দকার শহিদুর রহমান। সভায় বক্তব্য রাখেন উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা শাহ আলম, মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকনের প্রতিনিধি বিশিষ্ট আওয়ামী লীগ নেতা মনিরুজ্জামান আতু, উপজেলা সমাজ সেবা কর্মকর্তা আরশাদ আলী, উপজেলা ২-এর পাতায় দেখুন



## গাংনীতে দিনে-দুপুরে মোটরসাইকেল চুরি

**গাংনী প্রতিনিধি :** মেহেরপুরের গাংনীতে দিনে-দুপুরে ডিস্কভারি ১৩৫ সিসির নেভি ব্লু রংয়ের একটি মোটরসাইকেল চুরির ঘটনা ঘটেছে। সোমবার দুপুরে উপজেলার ষোলটাকা গ্রামের নোনার বিল এলাকার এ ঘটনা ঘটে। মোটরসাইকেল মালিক ষোলটাকা গ্রামের ২-এর পাতায় দেখুন

## জামায়াতের নতুন কর্মসূচি ঘোষণা

**নিজস্ব প্রতিবেদক :** নতুন কর্মসূচির ঘোষণা দিয়েছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। দলটি ২৮ জুলাই বিভাগীয় শহরে মিছিল, ৩০ জুলাই জেলা সদরে বিক্ষোভ মিছিল করবে। এ ছাড়া ১ আগস্ট ঢাকা মহানগরে শান্তিপূর্ণ সমাবেশ করবে দলটি। গতকাল সোমবার সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, দেশের বর্তমান পরিস্থিতিতে জনগণের নির্বাচিত সরকার ছাড়া সমস্যার সমাধান হতে পারে না। তাই সর্বাগ্রে সংসদ ভেঙে দিয়ে কেয়ারটেকার সরকারের অধীনে অবাধ, সুষ্ঠু, অংশগ্রহণমূলক ও ২-এর পাতায় দেখুন

## সাংবাদিকদের আয়কর সংক্রান্ত হাইকোর্টের রায় বহাল



**নিজস্ব প্রতিবেদক :** সংবাদপত্রের সাংবাদিক ও কর্মচারীদের নবম ওয়েজবোর্ডে গ্র্যাচুইটি ও আয়কর সংক্রান্ত মন্ত্রিসভার সুপারিশ অবৈধ ঘোষণা করে হাইকোর্টের দেয়া রায় স্থগিত করেনি আপিল বিভাগের চেম্বার কোর্ট। হাইকোর্টের রায়ের বিরুদ্ধে সরকারপক্ষে আনা এ-সংক্রান্ত আবেদনের ওপর আপিল বিভাগে শুনানির জন্য আগামী ২৮ আগস্ট দিন ধার্য করে গতকাল সোমবার আদেশ দিয়েছেন চেম্বার কোর্ট। চেম্বার জজ বিচারপতি এম, ইনায়েতুর রহিম উভয়পক্ষের শুনানি নিয়ে এ আদেশ দিয়েছেন। আদালতে আবেদনের পক্ষে গতকাল সোমবার শুনানি করেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল শখ সাইফুজ্জামান (জামান)। রিট পিটিশনার বাংলাদেশ সংবাদ সংস্থার (বাসস) এমপ্লয়িজ ইউনিয়নের পক্ষে ছিলেন আইনজীবী সিনিয়র অ্যাডভোকেট ড. কাজী আকতার হামিদ। তার সঙ্গে ছিলেন দিদারুল আলম ২-এর পাতায় দেখুন

## মেহেরপুর সরকারী কলেজ শিক্ষক পরিষদের সেক্রেটারী নির্বাচিত হলেন ধুমকেতু



**মেহেরপুর প্রতিনিধি :** মেহেরপুর সরকারি কলেজ শিক্ষক পরিষদের সাধারণ সভায় সর্বসম্মতিক্রমে রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান আবদুল্লাহ আল আমিন ধুমকেতু কে সম্পাদক (Secretary) হিসেবে মনোনয়ন প্রদান করা হয়েছে। সহ-সম্পাদক মনোনীত হয়েছেন ইংরেজি বিভাগের প্রভাষক মিলন মন্ডল এবং কোষাধ্যক্ষ হয়েছেন রসায়ন বিভাগের প্রভাষক নাহিদ রেজা। মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ ও শিক্ষক পরিষদের সভাপতি প্রফেসর মো.শফিউল ইসলাম সরদার নতুন ও বিদায়ী কার্যনির্বাহী কমিটিসহ উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা ও অভিনন্দনজ্ঞাপন করেন।




## শ্রমিকদের দাবী বাস্তবায়নে চতুর্থ দিনের মত কর্মসূচি পালন

**মেহেরপুর প্রতিনিধি :** মেহেরপুর বীজ উৎপাদন খামার বিএডিসি বারাদীতে শ্রমিক মুজুরী বৃদ্ধি, দুটি পুর্নাঙ্গ উৎসব বোনাস প্রদান ও শ্রমিক নিয়মিত করণসহ ১৩ দফা দাবি বাস্তবায়নের লক্ষ্যে ৪র্থ দিনের মত মানববন্ধন, অবস্থান ধর্মঘট ও র‍্যালী করেছে বারাদী খামারের শ্রমিকেরা। সোমবার সকালে শ্রমিকদের দাবি বাস্তবায়নে খামার প্রাঙ্গণ থেকে একটি র‍্যালী বের হয়। র‍্যালীটি বারাদী বাজারের প্রধান সড়ক ২-এর পাতায় দেখুন




সম্পাদকমন্ডলীর সভাপতি : **আব্দুল হাই এমপি (সাবেক প্রতিমন্ত্রী)** সম্পাদক ও প্রকাশক : **আলী কদর পলাশ,** ভারপ্রাপ্ত সম্পাদক : **তানভীর হাসান (জিসান হাই)**,ব্যবস্থাপনা সম্পাদক : **আশরাফুল আলম চঞ্চল,** নির্বাহী সম্পাদক : **তুহিন আরণ্য**
**সম্পাদক ও প্রকাশক আলী কদর পলাশ** কর্তৃক ঢাকা : হাউস ১৭ রোড ২৮ ধানমন্ডি, ঢাকা-১২০৫। **ঝিনাইদহ অফিস : হোল্ডিং নম্বর ০০৬২-০০, রাস্তা ০৯,০৯১ (এমপি হাই সাহেবের বাসভবন) আরাপপুর, ঝিনাইদহ।**। চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত এবং মেসার্স আলিফ প্রিন্টিং প্রেস ২২১ ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত । ই-মেইল : eaiamardesh@gmail.com ফোন: ০১৭৫৮-২৮২৩৪৫, ০১৭৩৪-১০৪৪১৪ **বিজ্ঞাপন-সার্কুলেশন : ০১৯৬৯৮৩১৯১৮**



# শাকিব-অপুর ডিভোর্স চাঞ্চল্যকর তথ্য

**বিনোদন প্রতিবেদক :** ঢাকা সিটি করপোরেশনের (অঞ্চল-৩) মহাখালী জোনাল অফিসে অপুকে ডিভোর্সের আবেদন জানিয়েছিলেন শাকিব খান। আবেদনের ভিত্তিতে শুনানি হলে সেখানে উপস্থিত ছিলেন চিত্রনায়িকা অপু বিশ্বাস। সম্প্রতি ভাইরাল হয়েছে সেই ডিভোর্সের শুনানির ভিডিও। ওই ডিভোর্সের শুনানিতে অপু বিশ্বাস উপস্থিত থাকলেও অনুপস্থিত ছিলেন শাকিব খান। ওই ভিডিওতে দেখা যায়, শাকিব খান অপুকে ডিভোর্স দেয়ার জন্য যে লিখিত আবেদন করেন তা সাধারণ কাগজে লেখা ছিল। কাজী অফিসের মাধ্যমে কোনো রেজিস্ট্রি এমনকি কোনো কাবিননামা, কোনো সাক্ষী, কোনো হলফনামা নেই সেই ডিভোর্সের আবেদনে। তাই নেটিজেনরা মনে করছেন, শাকিব- অপুর ডিভোর্সই হয়নি। এই মুহূর্তে কানাডায় অবস্থান করছেন অপু। তার সঙ্গে আছে ছেলে জয় এবং শাকিব খানও। ডিভোর্সের বিষয়টি নিয়ে অপু বিশ্বাস সংবাদমাধ্যমকে বলেন, আমিও ভিডিওটি দেখেছি। এ বিষয়টি অনেক সেনসিটিভ। আমি এ বিষয় নিয়ে এখনই কোনো কথা বলতে চাই না। সিটি করপোরেশনের কাছে বিষয়টি জানতে পারেন। তারা এ বিষয়টি পরিষ্কার করতে পারবেন। অপু আরও বলেন, অতীতে রাগের বশে না বুঝে অনেক কথা বলে ফেলেছিলাম, এজন্য আমাকে এখনও ভুগতে হচ্ছে। আমি আর ভুগতে চাই না। পরিবার নিয়ে সুন্দর জীবন পার করতে চাই। শাকিব অপুর ডিভোর্স হয়েছে কিনা এ বিষয়ে এই মুহূর্তে কোনো মন্তব্য করতে না চাইলেও ভবিষ্যতে তা নিয়ে কথা বলবেন অপু। অভিনেত্রী বলেন, আমাকে একটু সময় দিন। সুন্দর সময়ে সুন্দর কথাগুলো বলব।

# চীনে ছাঁদ ধসে পড়ে নিহত ১১

**আন্তর্জাতিক ডেস্ক :** চীনের একটি স্কুলে নারী ভলিবল টিমের ওপর ব্যায়ামাগারের কংক্রিটের ছাঁদ ধসে পড়ে ১১ জন নিহত হয়েছে। দেশটির উত্তরপূর্বাঞ্চলীয় হেইলংজিং প্রদেশের চিচিহার শহরে স্থানীয় সময় রোববার দুপুর ২টা ৫৬ মিনিটের দিকে ঘটনাটি ঘটে বলে প্রাদেশিক দমকল বিভাগ জানিয়েছে, খবর সিনহুয়ার। নগরীর লংশা এলাকার ৩৪ নং মাধ্যমিক স্কুলের নারী ভলিবল টিম তখন ওই ব্যায়ামাগারটি ব্যবহার করছিল। ধ্বংসস্তূপের নিচে ১৫ জন চাপা পড়ে। গতকাল সোমবার সকাল ১০টার দিকে শেষ জনকে সেখান থেকে উদ্ধার করা হয়, এই শিক্ষার্থীর মধ্যে বেঁচে থাকার কোনো লক্ষণ ছিল না বলে দেশটির রাষ্ট্রায়ত্ত বার্তা সংস্থাটি জানিয়েছে। কর্তৃপক্ষ জানিয়েছে, দুর্ঘটনার সময় ব্যায়ামাগারটিত মোট ১৯ জন ছিল, এদের মধ্যে চারজন সেখানে থেকে বের হয়ে যেতে পেরেছেন। এই চারজনসহ দুর্ঘটনার পর মোট ৮ জন বেঁচে আছেন। প্রাথমিক তদন্তে দেখা গেছে, নির্মাণ শ্রমিকরা ব্যায়ামাগারটি ছাদে অবৈধভাবে পার্লাইট নামের এক ধরনের খনিজ কাঁচ স্তূপ করে রেখে দিয়েছিলেন, এই পদার্থটি পানি শোষণ করতে পারে। টানা বৃষ্টির মধ্যে ভিজে এগুলো আরও ভারী হয়ে পড়ায় একপর্যায়ে ছাদটি ধসে পড়েছে বলে ধারণা করা হচ্ছে। প্রত্যক্ষদর্শীরা স্থানীয় গণমাধ্যমকে জানিয়েছেন, নিহতদের অনেকেই শিশু। তবে কর্তৃপক্ষ এখনও তা নিশ্চিত করেনি। চায়না ইয়থ ডেইলিকে এক পিতা জানিয়েছেন, স্কুলের নারী ভলিবল টিম ওই ব্যায়ামাগারটিতে প্রশিক্ষণ নিচ্ছিল। তিনি তার ১৬ বছর বয়সী কন্যার খবর জানার জন্য হাসপাতালে উদ্বিগ্ন হয়ে বসেছিলেন। প্রত্যক্ষদর্শী একজন চীনের রাষ্ট্রায়ত্ত রেডিওকে বলেন, "বিভিন্ন গ্রেডের শিক্ষার্থীদের নিয়ে টিমটি তৈরি করা হয়েছিল। শহরের বাইরে একটি প্রতিযোগিতায় অংশ নেওয়ার পর তারা মাত্র কয়েকদিন আগে স্কুলে ফিরেছিল।" হতাহতদের মধ্যে পূর্ণবয়স্ক কেউ আছেন কিনা, তা নিশ্চিত হওয়া যায়নি। তবে গত রোববার রাষ্ট্রায়ত্ত রেডিওর খবরে দলটির কোচও ধ্বংসস্তূপের নিচে চাপা পড়েছেন বলে জানানো হয়েছিল। সামাজিক যোগাযোগ মাধ্যমে ঘটনাস্থলের উপর থেকে তোলা একটি ছবিতে পুরোপুরি ধসে পড়া একটি ছাঁদ দেখা গেছে। সেখানে কংক্রিটের বড় বড় টুকরার পাশে পাশে উদ্ধারকারীদের উপস্থিতি দেখা গেছে। অন্যান্য ছবিতে স্কুলের ভবনের পাশে বিশাল সব ক্রেন স্থাপন করে উদ্ধার কাজ চালানো হচ্ছে, এমনটি দেখা গেছে। এই এলাকাসহ চীনের কয়েকটি অংশে শনিবার ও রোববার ব্যাপক বৃষ্টি হয়েছে, এতে কিছু এলাকায় বন্যা ও ক্ষয়ক্ষতির ঘটনা ঘটেছে।



# গাড়ি দুর্ঘটনার অভিযোগে নিউজিল্যান্ডে বিচারমন্ত্রীর পদত্যাগ

**আন্তর্জাতিক ডেস্ক :** অসতর্কভাবে গাড়ি চালিয়ে দুর্ঘটনা ঘটানোর অভিযোগে নিউজিল্যান্ডের বিচারমন্ত্রী কিরিটাপু কিরি এলান পদত্যাগ করেছেন। গতকাল সোমবার তিনি পদত্যাগ করেন। খবর এএফপির। জানা গেছে, বিচারমন্ত্রীর বিরুদ্ধে অসতর্কভাবে গাড়ি চালানো এবং গত রোববার রাতে গাড়ি দুর্ঘটনা ঘটানোর পর পুলিশ কর্মকর্তার সঙ্গে যেতে অস্বীকৃতি জানানোর অভিযোগ আনা হয়েছে। এর পরিপ্রেক্ষিতে গতকাল সোমবার তিনি পদত্যাগ করেন। দেশটিতে অক্টোবরে অনুষ্ঠেয় সাধারণ নির্বাচনের আগে এ ঘটনাকে সরকারের জন্যে নতুন ধাক্কা হিসেবে দেখা হচ্ছে। দেশটির বিচারমন্ত্রী কিরিটাপু কিরি এলান জানিয়েছেন, তিনি তাঁর পদ থেকে অবিলম্বে সরে দাঁড়ানোর কথা প্রধানমন্ত্রীকে জানিয়েছেন। গাড়ি দুর্ঘটনার পর কিছু সময় তাকে পুলিশ হেফাজতে থাকতে হয়েছে। তবে গাড়ি দুর্ঘটনা নিয়ে তাৎক্ষণিকভাবে বিস্তারিত আর কিছু জানা যায়নি। এলান বলেন, 'গতকালের আমার কর্মকাণ্ড থেকে বোঝা যাচ্ছে আমি ঠিক নেই। আমি আমাকে ও আমার সহকর্মীদের হতাশ করেছি।



# শস্যচুক্তির মেয়াদ শেষ, এখন ইউক্রেনের শস্য রপ্তানির কী হবে?

**আন্তর্জাতিক ডেস্ক :** ইউক্রেনের সঙ্গে রাশিয়ার শস্যচুক্তির মেয়াদ ছিল ২০২২ সালের ২২ জুলাই থেকে ২০২৩ সালের ১৭ জুলাই। নবায়ন না হওয়ায় চুক্তির জীবনকালটি ছোট, চুক্তির বেশকিছু ত্রুটিও আছে। কিন্তু এটাই ছিল রাশিয়ার হামলার অন্ধকারাচ্ছন্ন সময় একমাত্র কূটনৈতিক আলো। চুক্তির মাধ্যমে ইউক্রেন কৃষ্ণ সাগর ব্যবহার করে সারা বিশ্বে নিজেদের শস্য রপ্তানি করতো। স্বাভাবিকের তুলনায় এক তৃতীয়াংশ কম হলেও তিন কোটি ৩০ লাখ টন শস্য রপ্তানি পরিমাণে কম নয়। কিন্তু সাম্প্রতিক সময়ে এর অবস্থা আরো খারাপ হয়েছে। রাশিয়ার বিরুদ্ধে নৌ প্রতিরোধ আর দীর্ঘ তল্লাশি চালানোর নামে পথের গতি ধীর করার অভিযোগ আগেই ছিল। আর শেষমেশ চুক্তিটি বাতিলই করা হলো। গত সপ্তাহে মস্কো আনুষ্ঠানিকভাবে শস্য চুক্তি থেকে নিজেদের প্রত্যাহার করে নেয়। রাশিয়া এরপর বন্দরগুলোতে ক্ষেপণাস্ত্র হামলা চালানো শুরু করে। যদিও এর আগে দেশটি প্রতিশ্রুতি দিয়েছিল যে বন্দরে হামলা চালানো হবে না। ধ্বংসকৃত স্থাপনাগুলোর মধ্যে একটি ছিল ইউক্রেনের সবচেয়ে বড় উৎপাদনকারী কম্পানি কেরনেলের একটি শস্য টার্মিনাল। কর্মকর্তারা বলেন, গত সপ্তাহে ৬০ হাজার টন শস্য ধ্বংস হয়েছে। কেরনেলের প্রধান নির্বাহী কর্মকর্তা ইয়েভহেন ওসিপভ বলেন, 'যুদ্ধ শুরু হওয়ার পর প্রথম দুই তিন মাস আমরা রপ্তানি বন্ধ রেখেছিলাম।

# কম্বোডিয়ার ওপর ভিসা নিষেধাজ্ঞা যুক্তরাষ্ট্রের

**আন্তর্জাতিক ডেস্ক :** কম্বোডিয়ার বিরুদ্ধে ভিসা নিষেধাজ্ঞা আরোপে এবং কিছু বিদেশি সহায়তা কর্মসূচি স্থগিত করছে মার্কিন যুক্তরাষ্ট্র। একতরফা নির্বাচন করায় দক্ষিণ-পূর্ব কম্বোডিয়ার বিরুদ্ধে এমন সিদ্ধান্ত নিল যুক্তরাষ্ট্র। স্থানীয় সময় রোববার দেশটিতে সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয়। ওই দিনই দেশটির বিরুদ্ধে মার্কিন এই পদক্ষেপের ঘোষণা আসে। স্টেট ডিপার্টমেন্টের মুখপাত্র ম্যাথিউ মিলার এক বিবৃতিতে বলেছেন,'ওয়াশিংটন চিন্তত, কারণ এটি অবাধ বা সুষ্ঠু ছিল না। এই নির্বাচনে প্রধানমন্ত্রী হুন সেনের সিপিপি দল কোনো কার্যকর প্রতিপক্ষের মুখোমুখি হয়নি।' মিলার বলেন, 'নির্বাচনের আগে কম্বোডিয়ার কর্তৃপক্ষ রাজনৈতিক বিরোধী, মিডিয়া এবং সুশীল সমাজের বিরুদ্ধে হুমকি ও হয়রানি করার সঙ্গে জড়িত ছিল। যা দেশের সংবিধানের চেতনা এবং কম্বোডিয়ার আন্তর্জাতিক বাধ্যবাধকতাকে ক্ষুণ্ন করেছে। 'তিনি যোগ আরো যোগ করে বলেছেন।

# ডেঙ্গু মোকাবিলায় প্রস্তুত পশ্চিমবঙ্গ

**আন্তর্জাতিক ডেস্ক :** বর্ষা এখনো আসেনি কলকাতাসহ গোটা পশ্চিমবঙ্গে। সাধারণত বর্ষার পর জুলাই ও সেপ্টেম্বরের সময় মশার উপদ্রব বেশি দেখা যায়। আর এ সময়ই মশাবাহিত রোগের প্রকোপ বেশি বাড়ে। গত বছর কলকাতাসহ গোটা পশ্চিমবঙ্গে ডেঙ্গু পরিস্থিতি ছিল ভয়াবহ। সেদিকে নজর রেখে মশাবাহিত রোগের হাত থেকে বাঁচতে পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য দপ্তর এখন থেকেই বেশ কিছু প্রস্তুতি নিয়ে রেখেছে। ডেঙ্গু মোকাবিলায় পশ্চিমবঙ্গের স্বাস্থ্য দপ্তরের কাছে আগামী কয়েক মাস বেশ গুরুত্বপূর্ণ। কলকাতাসহ পশ্চিমবঙ্গের বিভিন্ন আবাসনগুলে পশ্চিমবঙ্গের স্বাস্থ্য দপ্তরের কাছে চিন্তার কারণ হয়ে দাঁড়িয়েছে। কারন এসব আবাসনেই বেশি সংখ্যক মানুষ মশাবাহিত রোগে আক্রান্ত হচ্ছে। মশাবাহিত রোগ বাড়ার পেছনে সেখানকার পরিকাঠামোগত সমস্যার কথা উঠে এসেছে। ঠিকভাবে আবর্জনা পরিষ্কার করা হয় না এবং নিষ্কাশন ব্যবস্থাও ঠিকভাবে কাজ করছে না। বেলগাছিয়ার বাসিন্দা মৌসুমী চক্রবর্তীর বেশ কিছুদিন ধরে কাঁপুনি দিয়ে জ্বর সঙ্গে বমি-বমি ভাব ছিল। মৌসুমীর পরিবারের লোকজন ভেবেছিলেন ঋতু বদলের কারণেই তিনি অসুস্থ হয়ে পড়েছেন। কিন্তু বেশ কিছুদিন জ্বর না কমায় চিকিৎসকের পরামর্শে ডেঙ্গও ও ম্যালেরিয়ার টেস্ট করানো হয়। দেখা যায় টেস্টের রিপোর্ট পজিটিভ। সাত দিন হাসপাতালে থাকতে হয় তাকে। অনেকেই মৌসুমী চক্রবর্তীর মতো সমস্যায় ভুগছেন। চলতি বছরের জানুয়ারি থেকে জুলাই পর্যন্ত শুধু কলকাতার ৬ নম্বর ওয়ার্ডেই ৩৩ জন ডেঙ্গুতে আক্রান্ত হয়েছে। কলকাতার সরকারি আবাসনে আক্রান্ত হয়েছে ৬ জন। তাই শুরু থেকে সাধারণ মানুষকে সতর্ক করতে জোর কদমে প্রচার শুরু করেছে কলকাতার কর্পোরেশনসহ পশ্চিমবঙ্গের বিভিন্ন পৌরসভা। কলকাতার মেয়র ফিরাদ হাকিমের কড়া নির্দেশ ডেঙ্গু মোকাবেলায় কোনো রকম ঢিলেমি দেওয়া যাবে না।কলকাতার পৌর এলাকার প্রত্যেক বাড়িতে স্বাস্থ্যকর্মীদের পাঠানো হচ্ছে। আমজনতাকে সচেতন করতে তারাই গিয়ে বলছে তিনদিনের বেশি জ্বর থাকলে ডেঙ্গু-ম্যালেরিয়া টেস্ট করতে। সে সময় ডেঙ্গু-ম্যালেরিয়া পরীক্ষা না করলে কি কি সমস্যা হতে পারে তাও জানানো হচ্ছে। এছাড়াও কলকাতা কর্পোরেশনের পৌর এলাকার সব অলি-গলিতে ডেঙ্গু সচেতনতার মাইকিং করা হচ্ছে। প্রায় এক সপ্তাহ পর পর ধোঁয়াসহ ব্লিচিং, মশার তেল ছেটানো হচ্ছে। কলকাতাসহ পশ্চিমবঙ্গের পৌর এলাকায় ডেঙ্গু সচেতনতায় স্বাস্থ্য দপ্তর থেকে মিছিলও করতে দেখা গেছে। ওই মিছিল থেকে মাইকিং করে সাধারণ জনগণকে মশাবাহিত রোগের হাত থেকে বাঁচার কি কি উপায় আছে সেগুলো জানানো হচ্ছে। আর জ্বর হলে সঙ্গে সঙ্গে চিকিৎসকের পরামর্শ নেওয়ার কথা বলা হচ্ছে। এর পাশাপাশি কলকাতা করপোরেশন ডেঙ্গু মোকাবিলায় বেশ কিছু কড়া পদক্ষেপের ঘোষণা দিয়েছে।



# ইন্দোনেশিয়ায় ফেরি ডুবে নিহত অন্তত ১৫, নিখোঁজ ১৯

**আন্তর্জাতিক ডেস্ক :** ইন্দোনেশিয়ার সুলাবেশি দ্বীপের উপকূলীয় এলাকায় একটি ফেরি ডুবে অন্তত ১৫ জনের মৃত্যু হয়েছে। এ ঘটনায় নিখোঁজ রয়েছে আরও ১৯ জন। অবশ্য দুর্ঘটনার পর কয়েকজনকে জীবিত উদ্ধার করা সম্ভব হয়েছে। গতকাল সোমবার সকালে বার্তা সংস্থা এএফপির এক প্রতিবেদনে জানানো হয়েছে। স্থানীয় সময় রোববার মাঝরাতে ৪০ জন যাত্রী নিয়ে ফেরিটি ডুবে যায়। তাদের মধ্যে পাঁচজন বেঁচে গেছেন বলে এক বিবৃতিতে জানিয়েছে দেশটির তল্লাশি ও উদ্ধার সংস্থা। এতে বলা হয়,ফেরিটি ডুবে যাওয়ার পর ছয়জনকে জীবিত উদ্ধার করে চিকিৎসার জন্য হাসপাতালে পাঠানো হয়। ফেরিটি ডুবে যাওয়ার কারণ জানতে তদন্ত চলছে। অনুসন্ধান ও উদ্ধার সংস্থার স্থানীয় শাখা থেকে মুহাম্মাদ আরাফাহ বলেছেন, ফেরিডুবির ঘটনায় নিহতদের সবাইকে শনাক্ত করা হয়েছে এবং তাদের পরিবারের কাছে মরদেহ হস্তান্তর করা হয়েছে।



# ট্রেইলারে ভিকির চমক

**বিনোদন ডেস্ক :** ওটিটি প্ল্যাটফর্ম আইস্ক্রিন এর প্রথম অরিজিনাল কনটেন্ট 'আমি কী তুমি' ট্রেইলার প্রকাশ পেয়েছে। আড়াই মিনিটে জনপ্রিয় নির্মাতা ভিকি জাহেদের নির্মাণে এই ট্রেলারটি দেখে দর্শক মুগ্ধ হয়েছেন। এতে দেখা গেছে মেহজাবীন, জুনায়েদ বাগদাদী, ফজলুর রহমান বাবু, শ্যামল মাওলাসহ অনেককে। ট্রেলারে গল্প রহস্য আর উত্তেজনা সৃষ্টি করেছে। দর্শক এর ট্রেলারে জনপ্রিয় মডেল সাদিয়া ইসলাম মৌকে দেখে রীতিমত চমকে উঠেছেন। আরও দেখা গেছে তারিক আনাম খান, ইন্তেখাব দিনার, সেন্টুকে। রোববার সন্ধ্যায় ট্রেলারটি উন্মোচনের পর দর্শকরা জানাচ্ছেন, কনটেন্টটি দেখার জন্য তাদের আগ্রহ বেড়েছে। ইউটিউব এবং ফেসবুকে 'আমি কী তুমি'র ট্রেলার দেখে শত শত দর্শক মন্তব্যে বলছেন, দীর্ঘদিন পর ভালো কনটেন্ট পাচ্ছেন তারা। কেউ কেউ মন্তব্যে লিখছেন, এমন সিনেমাটোগ্রাফি, বিজিএম এবং ভিন্ন ভিন্ন গল্পে নির্মাণ হলে বাংলা কনটেন্ট অতি শিগগির বিশ্ব জয় করে ফেলবে। আবার কেউ কেউ লিখছেন, ভয়ানক সুন্দর কিছু পেতে যাচ্ছি। অসাধারণ কিছু আসতে যাচ্ছে। সামাজিক যোগাযোগ মাধ্যমে দীর্ঘদিন পর মেহজাবীনের নতুন কোনো কনটেন্ট দেখে উচ্ছ্বাস প্রকাশ করছেন তার ভক্তরা। আতাউর রহমান মাসুম নামে একজন লিখেছেন, মিডিয়া, প্যারানরমাল এক্টিভিটিস, খুন, তদন্ত সবমিলিয়ে ট্রেলার টা আগ্রহ ও উদ্দীপনা বাড়িয়ে দিয়েছে। এতে যাদের নেওয়া হয়েছে সেই হিসেবে কাস্টিংয়ে ফুল মার্ক পেতে পারেন ভিকি জাহেদ। ট্রেলারটি জাস্ট ওয়াও, মাইন্ড ব্লোয়িং! কেউ আবার ভিকি জাহেদের এই কাজের জন্য মুখিয়ে থাকার কথা বলছেন।

এদিকে, আইস্ক্রিন কর্তৃপক্ষ জানায়, ২৭ জুলাই 'আমি কী তুমি' মুক্তি পাবে। 'আমি কী তুমি' ওয়েব সিরিজ বড় পরিসরে নির্মাণ করেছেন ভিকি জাহেদ। 'পুনর্জন্ম' খ্যাত এই নির্মাতা বলেন, থ্রিলার এবং হররের বাইরে রোমান্স এবং ড্রামা বেইজ করে এই কনটেন্ট বানিয়েছি। দর্শক অনেকদিন পর আমার নতুন জনরার কাজ দেখতে পাবেন। চ্যানেল আইয়ের সঙ্গে আমার অনেকগুলো ভালো কাজ আছে, যা দর্শক নন্দিত। আইস্ক্রিনের যেহেতু প্রথম অরিজিনাল তাই ভালো কাজের মাধ্যমে যাত্রা শুরু হোক এটা মাথায় ছিল।

## স্পোর্টস



# শ্রীলঙ্কা থেকে ডাক পেলেন তাসকিন

**স্পোর্টস ডেস্ক :** জাতীয় থেকে ফ্র্যাঞ্চাইজি ক্রিকেট, সব জায়গাতেই যেন উড়ন্ত ফর্মে রয়েছেন বাংলাদেশের পেসার তাসকিন আহমেদ। এই মুহূর্তে ঢাকা এক্সপ্রেস খেলছেন জিম্বাবুয়ের লিগ জিম আফ্রো টি-টেন লিগে। সেখানেও শুরুটা দুর্দান্ত করেছেন এই টাইগার পেসার। এরই মধ্যে উড়ন্ত ফর্মে থাকা তাসকিন ডাক পেয়েছেন আরেক ফ্র্যাঞ্চাইজি লিগে। শ্রীলঙ্কার ঘরোয়া লিগ লঙ্কা প্রিমিয়ার লিগে (এলপিএল) ডাম্বুলা অরার হয়ে খেলার জন্য প্রস্তাব দেওয়া হয়েচে তাসকিনকে। সোমবার তাসকিন নিজেই নিশ্চিত করেছেন ব্যাপারটি। ডাক পেলেও তাসকিন শ্রীলঙ্কাতে খেলতে যাবেন কিনা সেটি এখনও নিশ্চিত নয়। আগামী ৩০ জুলাই থেকে ২০ আগস্ট পর্যন্ত চলবে এলপিএলের আসরে। সেসময় জাতীয় দলের খেলা না থাকলেও এশিয়া কাপ আর বিশ্বকাপ উপলক্ষে টাইগারদের বিশেষ ক্যাম্প চলবে ঢাকা, চট্টগ্রাম ও সিলেটে। সেই ইয়াম্প থেকে তাসকিনকে ছাড়া হবে কিনা সেই সিদ্ধান্ত এখন বিসিবির হাতে। এদিকে, জিম আফ্রো টি-টেন লিগে খেলতে গিয়ে দুর্দান্ত শুরু করেছেন তাসকিন। এখন পর্যন্ত তিন ম্যাচে আগুনে বোলিংয়ে ৫ উইকেট নিয়েছেন ঢাকা এক্সপ্রেস। টুর্নামেন্টে সর্বোচ্চ উইকেট শিকারির তালিকাতেও দুই নম্বরেই রয়েছে তাসকিনের নাম।

# টানা দ্বিতীয় জয় মন্ট্রিয়ালের

**স্পোর্টস ডেস্ক :** সাকিব আল হাসানের অলরাউন্ড নৈপুণ্যে কানাডার গ্লোবাল টি-টোয়েন্টি লিগে টানা দ্বিতীয় জয় পেয়েছে মন্ট্রিয়াল টাইগার্স। গতরাতে মন্ট্রিয়াল টাইগার্স ৭ উইকেটে হারিয়েছে মিসিসাগা প্যান্থার্সকে। বল হাতে ১ উইকেট ও ব্যাট হাতে ৩৬ রান করেন সাকিব। কানাডার ব্রামটনে টস জিতে প্রথমে ফিল্ডিং করতে নামে মন্ট্রিয়াল। প্রতিপক্ষের বোলিং নৈপুণ্যে বড় স্কোর করতে পারেনি মিসিসাগা প্যান্থার্স। ২০ ওভারে ৬ উইকেটে ১৪০ রানের লড়াকু সংগ্রহ পায় তারা। দলের পক্ষে সর্বোচ্চ ৪৬ রান করেন কানাডার নবনিত ধালিওয়াল। মন্ট্রিয়ালের কানাডিয়ান পেসার কলিম সানা ৮ রানে ৩ উইকেট নেন। ৪ ওভারে ২৮ রানে ১ উইকেট নেন সাকিব। ইনিংসের নবম ওভারে পাকিস্তানের আজম খানকে ২৬ রানে লেগ বিফোর আউট করেন সাকিব। ১৪১ রানের টার্গেটে দ্বিতীয় ওভারেই উইকেট হারায় মন্ট্রিয়াল। এরপর উইকেটে আসেন সাকিব। অধিনায়ক ক্রিস লিনকে নিয়ে দ্রুত রান তুলেন সাকিব। দ্বিতীয় উইকেটে ৪১ বলে ৬০ রান তুলেন সাকিব ও লিন। এর মধ্যে সাকিবের অবদান ছিলো ২৪ বলে ৩৬ রান। ৫টি চার ও ২টি ছক্কা মারেন সাকিব।

# শেষের নাটকীয়তার অপেক্ষায় ভারত-ওয়েস্ট ইন্ডিজ

**স্পোর্টস ডেস্ক :** ওয়েস্ট ইন্ডিজের অভিজ্ঞতম পেসার কেমার রোচের ৪ ওভার থেকে রান এলো ৪৬। আরেক পেসার আলজারি জোসেফের ৪ ওভারে ৩৭। যদিও পোশাক সাদা আর বল লাল, কিন্তু ভারতীয় ব্যাটসম্যানরা মেতে উঠলেন টি-টোয়েন্টি ব্যাটিংয়ের উৎসবে। সকালে মোহাম্মদ সিরাজের দুর্দান্ত বোলিংয়ের পর ব্যাটসম্যানদের স্ট্রোকের ছটায় যেন প্রাণ ফিরল ম্যাচে। মন্থর তিনটি দিনের পর বৃষ্টিবিঘ্নিত চতুর্থ দিনে ম্যাচের পালাবদল হলো নাটকীয়ভাবে। অপেক্ষা এখন শেষ দিনের জমজমাট লড়াইয়ের। পোর্ট অব স্পেন টেস্টের শেষ দিনে জয়ের জন্য ওয়েস্ট ইন্ডিজের প্রয়োজন ২৮৯ রান, ভারতের দরকার ৮ উইকেট। সিরিজে সমতা ফেরাতে জয় ছাড়া উপায় নেই ক্যারিবিয়ানদের। তাদের ব্যাটিংয়ে অবশ্য জয়ের তাড়না নেই এখনও পর্যন্ত। বরং ৮ উইকেট নিয়ে ভারতের ২-০তে সিরিজ জয়ের দিকেই হয়তো বাজি থাকবে বেশি। তবে আবহাওয়ার যা পূর্বাভাস, সোমবার শেষ দিনে বৃষ্টি বাগড়া দিতে পারে বারবার। ম্যাচের এই যে অবস্থা, একদিন আগেও তা ছিল অনেকটা অভাবনীয়। মন্থর উইকেটে প্রথম তিন দিন শেষে যে ম্যাচের দেড় ইনিংসও শেষ হয়নি! মোড় বদলের শুরু চতুর্থ সকালে সিরাজের আগুনে এক স্পেলে। দ্বিতীয় নতুন বল তখনও বেশ চকচকে। সেটি হাতে নিয়ে ধীরগতির উইকেটেও প্রাণের সঞ্চার করেন তিনি। চার ওভারের কম বোলিং করেই শিকার করেন চার উইকেট। শুরুটা করেন যদিও মুকেশ কুমার। অভিষিক্ত এই পেসার দিনের প্রথম ওভারেই ফিরিয়ে দেন ৩৭ রান নিয়ে ক্রিজে থাকা আলিক আথানেজকে। এরপর সিরাজের পালা। টানা দুই ওভারে ফেরান তিনি জেসন হোল্ডার ও আলজারি জোসেফকে। এরপর এক ওভারে উইকেট না পেলেও পরের ওভারে আদায় করে নেন দুই উইকেট। ৫ উইকেটে ২২৯ রান নিয়ে দিন শুরু করা ওয়েস্ট ইন্ডিজ অলআউট ২৫৫ রানেই! ৬০ রানে ৫ উইকেট নিয়ে থামেন সিরাজ। ২১ টেস্টের ক্যারিয়ারে ৫ উইকেটের স্বাদ পেলেন তিনি দ্বিতীয়বার। আগেরটি ছিল অস্ট্রেলিয়ার বিপক্ষে ব্রিজবেনে, ৭৩ রানে ৫ উইকেট। সিরাজের সৌজন্যে জয়ের গন্ধ পেয়ে যায় ভারত। দুই ওপেনার রোহিত শর্মা ও যাসাশবি জয়সওয়াল নেমে পড়েন দ্রুত রান তোলার অভিযানে। ইনিংসের প্রথম ওভারেই যখন রোচের বলে ক্রিজ ছেড়ে বেরিয়ে এক্সট্রা কাভার দিয়ে ছক্কায় ওড়ান জয়সওয়াল, বার্তাটা তখনই পেয়ে যান সবাই। পরের বলেও তরুণ বাঁহাতি ওপেনার মারেন বাউন্ডারি। রোহিত শর্মা দ্বিতীয় ওভার শুরু করেন বাউন্ডারিতে। ভারতীয় অধিনায়ক পরে দুর্দান্ত সব শটে ছুটতে থাকেন ঝড়ের বেগে। দলের ফিফটি আসে ৫.৩ ওভারেই।





# কাকে 'অকৃতজ্ঞ' বলে কটাক্ষ করলেন পরী?

**স্পোর্টস ডেস্ক :** রকা দম্পতি চিত্রনায়িকা পরী মণি ও চিত্রনায়ক শরিফুল রাজের ব্যক্তিগত জীবনের টানাপোড়েন নিয়ে দীর্ঘদিন ধরেই সামাজিক মাধ্যমে আলোচনায় রয়েছে। আর এ কারণে রাজ্যকে নিয়ে হাসপাতালে ছুটতে হয়েছে পরী মণিকে। সম্প্রতি ছেলে রাজ্য ও পরীর পাশে দেখা যায়নি রাজকে। এজন্য নেটিজেনদের তোপের মুখেও পড়েছেন তিনি। বর্তমানে রাজ-পরীমণি আলাদা থাকছেন। সুযোগ পেলেই সামাজিক মাধ্যমে রাজকে খোঁচা মারতে ছাড়েন না পরীমণি। রোববার দুপুরেও সেরকম কিছুই প্রকাশ করলেন এ নায়িকা। তসলিমা নাসরিনের কবিতা পাঠের ভিডিও শেয়ার করে ক্যাপশনে লিখলেন, 'নে, এটা তোর জন্য অকৃতজ্ঞ।'তসলিমা নাসরিনের কবিতায় বলা হয়েছে- 'দু-হাত পেতে ভিক্ষে চাইছো ক্ষমা, তুমি কি জানো যোগের ঘরে শূন্য করেছো জমা? বিয়োগের ঘরে কম করে বলি দু-কোটি, মনে আছে কেড়ে নিয়েছিলে সব, ছাড়ো নাই খড়কুটোটি ! তুমি বুঝি আর ছোটখাটো বদমাশ ! চুমু খেতে খেতে পরিয়েছো ফাঁস, আমারই খেয়ে আমারই পরে আমারই সর্বনাশ। ক্ষমার প্রশ্ন ওঠে না শুনেই অন্য আঁচলে ঝাঁপ, দুধ কলা দিয়ে চিরকালই আমি পুষলাম কালসাপ- তসলিমা নাসরিনের আবৃতিতে নিজের ক্ষোভটাই যেন উগরে দিলেন পরী। যদিও পোস্টে কারো নাম উল্লেখ করেন নি এ নায়িকা। তবে নেটিজেনদের বুঝতে বাকি নেই 'অকৃতজ্ঞ' বলে কাকে তাক করেছেন পরীমণি। মন্তব্যের ঘরে সেটা যেন একপ্রকার বলেই দিলেন পরীর ভক্ত-শুভাকাঙ্ক্ষীরা। চলতি বছরের শুরু থেকেই রাজ-পরীর সংসারে টানাপোড়েন চলছে। মাঝে লোকদেখানো ভালো থাকার অভিনয় করলেও দাম্পত্যজীবনে মোটেও সুখী ছিলেন না এই জুটি, এমনটাই জানান পরীমণি। গত ২৯ মে রাতে রাজের ফেসবুক অ্যাকাউন্ট থেকে তিন অভিনেত্রীর ব্যক্তিগত ছবি ও ভিডিও ফাঁসের ঘটনাকে কেন্দ্র করে পরী মণি ও শরিফুল রাজ আলাদা থাকছেন। ২০২১ সালের ১৭ অক্টোবর বিয়ে করেন অভিনেতা শরিফুল রাজ ও চিত্রনায়িকা পরীমণি।


# হারমানপ্রিতের আচরণ 'প্যাথেটিক' বিশ্বকাপজয়ী ক্রিকেটার মদন লাল

**স্পোর্টস ডেস্ক :** আম্পায়ারিংকে 'প্যাথেটিক' বলে পুরস্কার বিতরণী আয়োজনে ক্ষোভ প্রকাশ করেছিলেন হারমানপ্রিত কৌর। কিন্তু ভারতীয় অধিনায়কের এসব কথা ও ওই ম্যাচে তার আচরণই 'প্যাথেটিক' ছিল বলে মনে করেন ভারতের বিশ্বকাপজয়ী সাবেক অলরাউন্ডার মদন লাল। হারমানপ্রিতের আচরণ নিয়ে প্রশ্ন তুললেন তার পূর্বসূরি ও সাবেক ভারতীয় অধিনায়ক আঞ্জুম চোপড়াও। আইসিসি উইমেন'স চ্যাম্পিয়নশিপের সিরিজে তিন ম্যাচের শেষ ওয়ানডেতে শনিবার এসব কাণ্ড ঘটান হারমানপ্রিত। আম্পায়ারিং নিয়ে তার বিতর্কিত মন্তব্য ও আগ্রাসী আচরণ অবাক করে দেয় অনেককেই। মাঠের ক্রিকেট ছাপিয়ে তা জন্ম দেয় তুমুল আলোচনা-সমালোচনার। বাংলাদেশে তো হারমানপ্রিতকে নিয়ে ঝড় চলছেই। এবার তার দিকে আঙুল তুললেন ভারতের হয়ে ৩৯ টেস্ট ও ৬৭ ওয়ানডে খেলা ক্রিকেটার মদন লাল। ১৯৮৩ বিশ্বকাপের ফাইনালে দুর্দান্ত বোলিং করা সাবেক এই অলরাউন্ডার টুইটারে বললেন, ভারতীয় বোর্ডের উচিত হারমপ্রিতের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া। "বাংলাদেশ নারী দলের বিপক্ষে হারমানপ্রিতের আচরণ ছিল 'প্যাথেটিক।' সে তো খেলাটির চেয়ে বড় কেউ নয়। ভারতীয় ক্রিকেটের দুর্নাম বয়ে এনেছে সে। বিসিসিআইয়ের উচিত তার বিরুদ্ধে শৃঙ্খলাজনিত কঠোর ব্যবস্থা নেওয়া।" হিন্দুস্তান টাইমসকে দেওয়া সাক্ষাৎকারে ভারতের নারী দলের সাবেক অধিনায়ক ও বর্তমানে ধারাভাষ্যকার আঞ্জুম চোপড়া বলেন, সাময়িক উত্তাপ কমে গেলে নিজের ভুল বুঝতে পারবেন হারমানপ্রিত। "যখন আগ্রাসনের আবহ শেষ হয়ে যাবে এবং সে ঠাণ্ডা হবে, আমি নিশ্চিত, সে পেছন ফিরে তাকিয়ে অনুভব করবে যে, ভিন্নমত প্রকাশে আরও সতর্ক হওয়া উচিত ছিল তার। অসন্তুষ্টি ফুটিয়ে তুলতে কোনো সমস্যা নেই। তবে মূল ব্যাপার হলো, এটা কখন ও কীভাবে করা যায়। ভাষায় প্রকাশের ক্ষেত্রেও আরও সাবধানী হওয়া উচিত ছিল তার।"



# এমবাপ্পেকে আল-হিলালের ৩০০ মিলিয়ন ইউরোর প্রস্তাব

**স্পোর্টস ডেস্ক :** দলবদলের আলোচনায় ফের হট টপিক কিলিয়ান এমবাপ্পে। পিএসজির সঙ্গে নতুন কোনো চুক্তি করতে রাজি নন এই ফরাসি ফরোয়ার্ড। তাই সে অনুযায়ী আগামী মৌসুম শেষ হলেই ফ্রি এজেন্ট হয়ে পিএসজি ছাড়বেন তিনি। কিন্তু পিএসজি তাকে বিনা মূল্যে ছেড়ে দিতে নারাজ। পিএসজির ভাষ্য পরিষ্কার, হয় নতুন চুক্তি করো, নয়তো চলতি দলবদলেই ক্লাব ছাড়ো। পিএসজি এমবাপ্পেকে বিক্রির তালিকায় তুলে দিয়েছে। যত দ্রুত সম্ভব তাকে বিক্রি করতে চায় ক্লাবটি। এমবাপ্পেকে পেতে ঝাঁপিয়েছে সৌদি আরবের ক্লাব আল-হিলাল। দলবদল বিষয়ে নির্ভরযোগ্য সাংবাদিক ফ্রাব্রিজিও রোমানো জানিয়েছেন, ৩০০ মিলিয়ন ইউরোতে এমবাপ্পেকে চায় আল-হিলাল। এটি সম্পন্ন হলে বিশ্বের সবচেয়ে দামি ফুটবলার হিসেবে রেকর্ডবুকে নাম লেখাবেন এই ফরোয়ার্ড। যদিও রোমানো জানিয়েছে, এখনো দুই পক্ষের মধ্যে কোনো যোগাযোগ হয়নি।



# এবার লঙ্কান লিগে হৃদয়

**স্পোর্টস প্রতিবেদক :** জাতীয় দলে এখনো নবীণ ব্যাটার তাওহিদ হৃদয়। তবে এরইমধ্যে নিজের জাত চিনিয়েছেন এই ব্যাটার। লঙ্কান প্রিমিয়ার লিগে (এলপিএল) ডাক পেয়েছেন হৃদয়। গতবারের চ্যাম্পিয়ন দল জাফনা কিংসের হয়ে কয়েকটি ম্যাচ খেলার প্রস্তাব পেয়েছেন বাংলাদেশ দলের ব্যাটসম্যান। ইতোমধ্যেই এই লিগে খেলার জন্য বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) কাছে অনাপত্তিপত্র (এনওসি) চেয়েছেন হৃদয়। এলপিএলে খেলার ব্যাপারে হৃদয় গণমাধ্যমকে বলেন, 'তিন-চারটি ম্যাচ খেলার জন্য যেতে পারি। আমি বোর্ডকে সেভাবেই জানিয়েছি।' এবারের এলপিএল আগামী ৩০ জুলাই শুরু হয়ে চলবে ২০ আগস্ট পর্যন্ত। এ সময় বাংলাদেশ দলের কোনো খেলা নেই। তবে জাতীয় দলের বিশেষ ক্যাম্প চলবে ঢাকা, চট্টগ্রাম ও সিলেটে।